সংগ্রহপর গৃহস্থ ভক্তগণও কর্ম্মমিশ্র অর্চ্চনে অধিকারী। ইহার সারার্থ এই যে—যাঁহারা ভক্তিঅঙ্গে দৃঢ়নিষ্ঠালাভ করিতে পারেন নাই, কেবল লোকপরম্পরা অনুসারে অর্চ্চনাদি করেন এবং যাঁহারা ভক্তিঅঙ্গে শাস্ত্রীয় শ্রদ্ধালাভ করিয়াছেন এবং যাঁহার আচরণ সাধারণজন অনুকরণ করে এবং লব্ধপ্রতিষ্ঠ গৃহস্থভক্ত ও লোকসংগ্রহ করিবার অভিপ্রায়ে অর্থাৎ যাহারা ভক্তির মহিমা জানে না, এমন সাধারণ লোকেরও ভক্তিকর্ম্ম লোপ না হয়—এইপ্রকার অভিপ্রায় যাঁহারা হৃদয়ে রাখেন, তাঁহার ও কর্ম্মামিশ্রা অর্চ্চন অনুষ্ঠান করিবেন। শ্রীভগবান শ্রীমান উদ্ধবমহাশয়কে ১১।২৭।৬ হইতে ১১ পর্য্যন্ত শ্লোকে বলিয়াছেন—"হে উদ্ধব! এই পূজাবিধি অনন্ত। ইহার শাস্ত্র হইতে বিধিরও অনুষ্ঠানের অবধি নাই। আমি তোমার নিকটে আনুপূর্ব্বিক সংক্ষেপে বর্ণন করিব। সেই পূজাবিধি তিনপ্রকার; এক—বৈদিক, অপর—তান্ত্রিক, অন্য—বৈদিকমিশ্রিত তান্ত্রিক। তন্মধ্যে যে অর্চ্চনে মন্ত্রটিও বৈদিক, পূজার অঙ্গগুলিও বৈদিক, তাহার নাম বৈদিক অর্চ্চন। এইপ্রকার তান্ত্রিক সম্বন্ধেও বুঝিতে হইবে। মিশ্র অষ্টাক্ষরাদি। এই তিনের মধ্যে যাহার যে বিধিটি অভীপ্সিত হইবে, সেই বিধি অনুসারে আমাকে পূজা করিবে। যখন ব্রাহ্মণ, ক্ষত্রিয় অথবা বৈশ্য—এই ত্রৈবর্ণিক পূজা করিবে, তখন গর্ভ হইতে আরম্ভ করিয়া অষ্টম একাদশ অথবা দ্বাদশ বর্ষকালে নিজের অধিকার অনুরূপে বেদোক্ত দ্বিজ অর্থাৎ উপনীত হইয়া শ্রদ্ধাপূর্ব্বক ভক্তিসহকারে আমাকে যেমনভাবে অর্চ্চন করিবে, তাহার কথা শুন। প্রতিমা, স্থণ্ডিল, অগ্নি, সূর্য্য, জল অথবা নিজ-হৃদয়ে ভক্তিযুক্ত হইয়া দ্রব্যদ্বারা অকপটে নিজগুরুরূপী আমাকে পূজা করিবে। নিজ দেহশুদ্ধির জন্য দন্তধারণপূর্ব্বক বৈদিক-তান্ত্রিক মিশ্রমন্ত্রের দ্বারা এবং মৃত্তিকা গ্রহণাদির দ্বারা স্নান করিবে। তৎপর সন্ধ্যা-উপাসনাদি কর্ম্ম—যাহা আমি বেদদ্বারা বিহিত করিয়াছি, সেই সমুদয় কর্ম্মাঙ্গ অনুষ্ঠানপূর্ব্বক আমার পূজা করিবে। কিন্তু ঐ অর্চ্চনে আমার সন্তোষরূপ সঙ্কল্প রাখিবে, অর্থাৎ বিষ্ণুপ্রীতিকাম হইয়া অর্চ্চন করিবে। তবেই কর্ম্মদ্বারা কর্ম্মবন্ধন ছেদন হইবে।" কর্ম্মমিশ্র অর্চ্চনঅঙ্গের এইপ্রকার ব্যবস্থা বুঝিতে হইবে। ২৮৪॥

শ্রীনারদপঞ্চরাত্রে চৈবমেব শ্রীনারায়ণবাক্যম্ শ্রাদ্ধকথনারম্ভে নাচরেদ্ যস্ত সিদ্ধোঽপি লৌকিকম্‌ধর্ম্মমগ্রতঃ। উপপ্লবাচ্চ ধর্ম্মস্য গ্লানির্ভবতি নারদ। বিবেকৈস্ত্বরতঃ সর্ব্বৈর্লোকাচারো যথা স্থিতঃ। আদেহপাতাদ্ যত্নেন রক্ষণীয়ঃ প্রযত্নত ইতি। এতেষাঞ্চ দ্বিবিধা কর্ম্মব্যবস্থা। শ্রীনারদপঞ্চরাত্রাদৌ, অন্তর্য্যামিশ্রীভগবদ্দৃষ্ট্যৈব সর্ব্বারাধনং বিহিতং, বিষ্ণুযামলাদৌ তু, বিষ্ণুপাদোদকেনৈব পিতৃণাং তর্পণক্রিয়া। বিষ্ণোর্নিবেদিতান্নেনযষ্টব্যং দেবতান্তরমিত্যাদিপ্রকারেণ বিহিত মিতি। যে তু তত্র শ্রীভগবৎ